

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং- ৪৬.০৪৫.০২০.০৯.০১.০০১.২০১১-(অংশ)-১১৮৩

তারিখঃ ১০/১২/২০১৫খ্রিঃ।

বিষয়ঃ উপজেলা পরিষদের পুঞ্জীভূত অনিস্পন্ন অডিট আপত্তি নিরসন না করা অবধি সকল ধরনের আর্থিক বরাদ্দ বন্ধ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে এ বিভাগের অনুকূলে বিপুল সংখ্যক আপত্তি অনিস্পন্ন। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর অডিট আপত্তি নিস্পন্নো যথেষ্ট অবহেলা ও অনাগ্রহ রয়েছে এবং পাশাপাশি বিষয়টিকে গুরুত্বহীন মনে করা হচ্ছে। এ ক্ষেত্রে সংস্থা/প্রতিষ্ঠান/দপ্তর/অধিদপ্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব পরিলক্ষিত যা আদৌ কাম্য নয়। ফলশ্রুতিতে পুঞ্জীভূত এ বিপুল সংখ্যক আপত্তি একটি পর্যায়ে রিপোর্টভুক্ত হয়ে সিএনএজি'র বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়।

অনাকাঙ্ক্ষিত এ অবস্থার নিরসন জরুরী। এ প্রেক্ষিতে আগামী ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে আপনার প্রতিষ্ঠানের সৃষ্টিকাল হতে হালনাগাদ (৩০ জুন ২০১৫ পর্যন্ত) অনিস্পন্ন সাধারণ অডিট আপত্তিসমূহের নিস্পত্তিমূলক প্রমানকসহ ব্রডসীড জবাব ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে সিএনএজি'র সংশ্লিষ্ট অধিদপ্তরে জমা প্রদান ও তৎসহ সভা করে নিস্পত্তি নিশ্চিত করতে হবে। প্রত্যয়নপত্র পরবর্তীতে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং প্রধান বরাবর দাখিল করতে হবে।

অনিস্পন্ন অগ্রিম অডিট আপত্তিসমূহের নিস্পত্তিমূলক ব্রডসীড জবাব আগামী ৩১/১২/২০১৫ তারিখ পূর্বাঙ্কে বিশেষ বাহকযোগে বাংলাদেশ সচিবালয়ের ভবন নং-৬, কক্ষ নং-১৬১৫ তে দাখিল করতে হবে। ব্যর্থতায় ঐ সংস্থা/প্রতিষ্ঠানের সকল ধরনের আর্থিক বরাদ্দ বন্ধ রাখা হবে। এছাড়া যাদের গাফিলতির কারণে এই আপত্তির উদ্ভব ঘটেছে তাঁদের বিরুদ্ধে-

(ক) সংশ্লিষ্ট স্থানীয় সরকার আইন অনুযায়ী দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং

(খ) সংস্থার দায়ী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হবে।

ছক (১) অগ্রিম অনুচ্ছেদ :

ক্রমিক	আপত্তির সাল ও অনুচ্ছেদ নম্বর	অগ্রিম অনুচ্ছেদের শিরোনাম ও বিস্তারিত বিবরণ	সংশ্লিষ্ট সংস্থার জবাব	উদ্ধর্তন কর্তৃপক্ষের সুপারিশ	ত্রিপর্যায় সভার সিদ্ধান্ত
০১	০২	০৩	০৪	০৫	০৬

ছক (২) সাধারণ অনুচ্ছেদ :

প্রতিষ্ঠানের নাম	আপত্তির সাল ও অনুচ্ছেদ নম্বর	সাধারণ অনুচ্ছেদের শিরোনাম ও বিস্তারিত বিবরণ	সংস্থার জবাব	অডিট অফিসের মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫

বিষয়টি অত্যন্ত জরুরী।

J.M.M.  
২০/১২/২০১৫  
(ড. জুলিয়া মর্দন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: [lgd.upazila2@gmail.com](mailto:lgd.upazila2@gmail.com)

বিতরণঃ

১. চেয়ারম্যান, ..... উপজেলা পরিষদ (সকল)
২. উপজেলা নির্বাহী অফিসার, ..... উপজেলা (সকল)

অনুলিপিঃ

১. বিভাগীয় কমিশনার, ..... বিভাগ (সকল)।
২. যুগ্ম-সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।
৩. জেলা প্রশাসক, ..... (সকল)
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)